# কলাস্নাতক অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৫

## (দ্বিতীয় বর্ষ, দ্বিতীয় সেমেস্টার)

## বাংলা বিভাগ

## সাম্মানিক বাংলা

## কোর্স : মেজর ৪.১

## বিষয় : ভাষাবিজ্ঞান - পর্ব ১

**সময় : ২ ঘণ্টা** **পূর্ণমান : ৩০**

**প্রতিটি বিভাগ থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও।**

### বিভাগ - ক

১। আদি ভারতীয় আর্য-ভাষা কীভাবে মধ্যস্তর পেরিয়ে নব্য ভারতীয় আর্য-ভাষার রূপ পেয়েছে সে বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ২.৫+২.৫+২.৫=৭.৫

২। বাংলা সাহিত্যের ইতিহাসে প্রাচীনতম কোন নিদর্শনটি বাংলা ভাষার আদিতম বৈশিষ্ট্য বহন করছে? উদাহরণসহ সেই বৈশিষ্ট্যগুলি সম্পর্কে আলোচনা করো। ২.৫+৫=৭.৫

### বিভাগ - খ

৩। বাংলা 'প', 'চ', 'ট', 'খ', 'র' ধ্বনির উচ্চারণ স্থান এবং এবং উচ্চারণ সম্পর্কে আলোচনা করো। ৫×১.৫=৭.৫

৪। স্বনিম ও সহধ্বনির সম্পর্কে আলোচনা করো। বাংলা 'শ' এবং 'ল' ধ্বনির সহধ্বনিগত অবস্থান উদাহরণসহ চিহ্নিত করো। ৩.৫+২+২=৭.৫

৫। দল সম্পর্কিত ধ্বনিতাত্ত্বিক দৃষ্টিকোণ আলোচনা করো। বাংলা দলগঠনের কাঠামোগুলি উদাহরণসহ বর্ণনা করো। ৩.৫+৪=৭.৫

### বিভাগ - গ

৬। রূপমূল কাকে বলে? বাংলা বদ্ধ রূপমূল সম্পর্কে আলোচনা করো। অনন্য রূপমূল কী? ২+৩.৫+২=৭.৫

৭। মুক্ত ও বদ্ধ রূপমূলের ধারণা দিয়ে বাংলা শব্দগঠন প্রক্রিয়াটিকে ব্যাখ্যা করো। শব্দগঠনে রূপধ্বনিতাত্ত্বিক প্রক্রিয়াটির ভূমিকা দৃষ্টান্তসহ আলোচনা করো। ৫+২.৫=৭.৫

৮। বাংলা পদনির্মাণ প্রক্রিয়াটি দৃষ্টান্তসহ আলোচনা করো। ৭.৫

### বিভাগ - ঘ

৯। ধ্রুপদী ব্যাকরণে স্বীকৃত বাক্যের অর্থগত ও গঠনগত বৈশিষ্ট্যের উল্লেখ করো। যোগ্যতা, আকাঙ্ক্ষা ও আসক্তির ধারণাকে দৃষ্টান্তসহ ব্যাখ্যা করো। ৩+৪.৫=৭.৫

১০। বাংলা বাক্যে পদক্রম সংক্রান্ত বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ আলোচনা করো। ৭.৫

১১। বাক্যের ক্ষেত্রে সংগঠন (construction) ও উপাদান (constituent) কাকে বলে দৃষ্টান্তসহ বুঝিয়ে দাও। বাক্য নিজে সংগঠন না উপাদান বুঝিয়ে বলো। অব্যবহিত উপাদান বিশ্লেষণের পদ্ধতিগুলোর উল্লেখ করে যে-কোনও একটি পদ্ধতির দৃষ্টান্ত দাও। ৩+২+২.৫=৭.৫

★ ★ ★